



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫ :
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ)-৪৫২

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১৯ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ শাহজাহান এর অনুকূলে এককালীন অর্জিত ছুটির নগদায়ন (Lump amount) মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ শাহজাহান এর অবসর-উত্তর ছুটি মঞ্জুরের পর গড় বেতনে ১৮ (আঠারো) মাসের অধিক ছুটি পাওনা থাকায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৩ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখের এস.আর.ও. নং ৯৭-আইন/২০১৬ মোতাবেক জারিকৃত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর ১০(২)(খ) অনুচ্ছেদ অনুসারে তাঁর মূল বেতন টাকা=৭৮,০০০/- (আটাত্তর হাজার) হওয়ায় তাঁকে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৭৮,০০০x ১৮)=১৪,০৪,০০০/- (চৌদ্দ লক্ষ চার হাজার টাকা) Lump amount অর্জিত ছুটির নগদায়ন হিসাবে পরিশোধের জন্য ব্যয়ের মঞ্জুরী প্রদান করা হলো।

০২। এই ব্যয় ২০২০-২০২১ অর্থ বছরের ১২১০১০১১০৪৪১৯ সচিবালয়-৩১১১১০১ নং খাতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান করা হবে।


(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, কক্ষ নং-৫০৬, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. জনাব মোঃ শাহজাহান, সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪), আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যক্তিগত কর্মকর্তা [যুগ্মসচিব (প্রশাসন-২)/উপসচিব (প্রশাসন-২)], আইন ও বিচার বিভাগ।
৮. অফিস কপি।